



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ, গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা:সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

১৫ আগস্ট, ২০২২

বাউবি'তে জাতীয় শোক দিবস পালিত



ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২২ সোমবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণ, বাউবি শিক্ষক সমিতি এবং বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। মাননীয় উপাচার্য সূর্যোদয়ের সাথে সাথে বাউবি'র গাজীপুরস্থ ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচির সূচনা করেন। সকালে মাননীয় উপাচার্যের নেতৃত্বে ক্যাম্পাসের “স্বাধীনতা চিরন্তন” স্মারক ভাস্কর্যে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। বাদ যোহর বিশ্ববিদ্যালয় মসজিদে কোরআনখানি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়।

মূল ক্যাম্পাসে ১লা আগস্ট থেকে মাসব্যাপি এলইডি স্ক্রীনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে নির্মিত বিভিন্ন অনুষ্ঠান, দেশাত্মবোধক শোকের গান, ৭ মার্চের ভাষণ প্রচারিত হচ্ছে। শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশিত বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বাউবি'র শিক্ষার্থীদের নিয়ে “পিতার আলোয় সন্তান” শীর্ষক আলোচনা অনুষ্ঠান বাংলাদেশ সংসদ টেলিভিশনে ১৫ আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত বিভিন্ন সময়ে প্রচারিত হবে। এছাড়াও অনুষ্ঠানটি বাউবির ওপেন টিভি, ওয়েব টিভি এবং ফেইসবুকে প্রচারিত হচ্ছে।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)